দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 29 MAY 1989
পৃষ্ঠা 2 কলাম 7

92

## অনার্স কোর্স চাই

নোয়াখালীবাসীরা দীর্ঘদিন ধরিয়া আশা পোষণ করিয়া আসিতেছে যে, নোয়াখালী সরকারী কলেজে অনার্স কোর্স চালু হইবে। কিন্তু তাহা না হওয়ায় হাজার হাজার ছাত্র/ছাত্রী উচ্চ শিক্ষার কবল হইতে বঞ্চিত হইতেছে। কারণ, বহু পিতা-মাতা আর্থিক অনটনের দরুন ছেলেমেয়েকে ঢাকা বা চট্টগ্রাম রাখিয়া বিশ্ববিদ্যালয়ে পড়াইতে পারেন না। ইহাতে অনেক ছেলে-মেয়ের আশা ভঙ্গ হওয়ায় তাহারা ভবঘুরের মত দিন যাপন করিতেছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে অনুরোধ, নোয়াখালী সরকারী কলেজকে যথাসম্ভব শীঘ্র নূতন জায়গাতে স্থানান্তর করিয়া অনার্স কোর্স চালু করা হউক।

—মোজাম্মেল হোসেন খোন্দকার, ১৫৮, বনগ্রাম রোড, ঢাকা।